

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৪৩

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও আধিকারিকদের সাথে রাজ্যপালের মতবিনিময়



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে জেলাশাসক ও আধিকারিকদের সাথে মতবিনিময় করেন। রাজ্যপাল জেলাশাসকের কার্যালয়ে এসে পৌঁছালে জেলাশাসক ডা. বিশাল কুমার রাজ্যপালকে স্বাগত জানান এবং পশ্চিম ত্রিপুরা জেলা সম্পর্কে রাজ্যপালকে অবগত করেন। মতবিনিময়ের সময় রাজ্যপাল কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের অগ্রগতি বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। ওয়ান ডিস্ট্রিক্ট ওয়ান প্রোডাক্ট কর্মসূচিতে পণ্য উৎপাদনকারীদের আরও বেশী করে উৎসাহিত করতে তিনি পরামর্শ দেন। তিনি বলেন, পানীয়জল এবং বিদ্যুৎ পরিকাঠামো সম্প্রসারণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। আধিকারিকদের তিনি বলেন, প্রাইমারি সেক্টরে আরও বেশী নজর দিতে হবে। তাতে সাধারণ মানুষ আত্মনির্ভর হয়ে উঠতে পারবে। আরও বেশী ফসল উৎপাদনের জন্য চাষের কাজে অধিক পরিমাণে যন্ত্রপাতি ব্যবহারের জন্য তিনি কৃষি দপ্তরের আধিকারিকদের পরামর্শ দেন। আগরতলা পুরনিগমের বিষয়ে মতবিনিময় করতে গিয়ে রাজ্যপাল বলেন, যেসব সমস্যা এখনও সমাধান করা যায়নি সেগুলির কাজ দ্রুত শেষ করতে হবে। মতবিনিময়ের সময় রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার, জেলা পর্যায়ের আধিকারিকগণ, মহকুমা শাসক এবং বিডিওগণ উপস্থিত ছিলেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ বিকেলে হেজামারা ব্লকের সানখলা এডিসি ভিলেজ পরিদর্শন করেন। রাজ্যপালকে সানখলা এসবি স্কুল মাঠে স্বাগত জানান হেজামারা ব্লকের বিডিও। জেলাশাসক ডা. বিশাল কুমার এবং হেজামারা বিএসি'র চেয়ারম্যান বিদ্যালয়ের স্কুল মাঠে উপস্থিত ছিলেন। বিদ্যালয়ের মাঠে রাজ্যপাল বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং গ্রামবাসীর সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় রাজ্যপাল কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প, মিড ডে মিল, বার্ষিক্য ভাতা, বিধবা ভাতা প্রভৃতি বিষয়ে আলোচনা করেন। গ্রামবাসীর উদ্দেশ্যে তিনি বলেন, এই এলাকার উন্নয়ন এবং বিভিন্ন কাজের রূপায়ণ দেখতেই তিনি এই এলাকা পরিদর্শনে এসেছেন। গ্রামবাসীগণ বিভিন্ন প্রকল্পের সুবিধা পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ২ জনের হাতে সয়েল হেলথ কার্ড তুলে দেন এবং একটি স্বসহায়ক দলের সদস্যদের হাতে দেড় লক্ষ টাকার চেক তুলে দেন।

*****২য় পাতায়

(২)

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং হলে প্রতিবন্ধী পুনর্বাস সমিতি আয়োজিত পিপিএস পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি জগন্নাথ ঋষিদাস, সুশান্ত নম এবং সংগীতা দাসের হাতে পিপিএস অ্যাওয়ার্ড তুলে দেন। তিনি সংস্থার প্রচারপত্র ‘দিশা’ এর আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের সাফল্যের জন্য তাদের অভিনন্দন জানান। এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য তিনি উদ্যোক্তাদের অভিনন্দন জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। উপস্থিত ছিলেন প্রতিবন্ধী পুনর্বাস সমিতির সদস্য বিজয় রাঞ্জল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উদ্যোক্তা সংস্থার পূর্বতন সভাপতি সুব্রত গাঙ্গুলী। সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সংস্থার সেক্রেটারি সুবীর দত্ত।
